

বাংলাদেশী বংশোদ্ভূত আকরাম উল্লাহ সিডনিস্থ রোটারী ক্লাবের প্রেসিডেন্ট নির্বাচিত

সিডনী, অস্ট্রেলিয়া: রোটারিয়ান সৈয়দ আকরাম উল্লাহ, অস্ট্রেলিয়ার সিডনি শহরের রোটারী ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক্ট নং ৯৬৭৫ অন্তর্ভুক্ত “রোটারী ক্লাব অব ইংগেলবার্গ” এর সভাপতি নির্বাচিত হয়েছেন। আকরাম উল্লাহ হচ্ছেন প্রথম বাংলাদেশী যিনি অস্ট্রেলিয়ার কোন রোটারী ক্লাবের সভাপতি হলেন। পেশাগত ভাবে তিনি একজন চার্টার একাউন্টেন্ট। আমেরিকার সিকাগো শহরে ১৯০৫ সালে মানবতার সেবার ব্রত নিয়ে রোটারীর যাত্রা শুরু। বর্তমানে দুইশতের মত দেশে বত্রিশ হাজার রোটারী ক্লাব মানবতার সেবায় কাজ করে যাচ্ছে। রোটারী ফাউন্ডেশন এর জন্মলগ্ন থেকে বিভিন্ন মানবতার সেবামূলক প্রকল্পে আজ পর্যন্ত প্রায় চার বিলিয়ন ডলারের উপর অর্থায়ন করেছে। এর মধ্যে পৃথিবী থেকে সফলতার সাথে পোলিও দূরিকরণ অন্যতম।

ডেনহাম কোর্টস্থ অট্রিমো হাউসে গত ২২শে জুন ২০২১ তারিখে কভিড-১৯ বিধি-নিষেধ মেনে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে বিদায়ী সভাপতি রোটারিয়ান গেইল টেইলর নব-নির্বাচিত প্রেসিডেন্ট আকরাম উল্লাহকে প্রেসিডেন্ট কলার পরিয়ে স্বাগত জানিয়ে ২০২১-২২ সনের ক্লাব পরিচালনার দায়িত্বভার অর্পণ করেন। রোটারিয়ান আকরাম দায়িত্বভার গ্রহণ করেই তাকে এই গুরু দায়িত্বে নির্বাচিত করার জন্যে কৃতজ্ঞতা প্রকাশ করে ক্লাবের সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং তার বছরে ক্লাবের উদ্দেশ্য আদর্শ সমুন্নত রেখে মানবতার সেবায় কাজ করার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন রোটারী পাস্ট ডিস্ট্রিক্ট গভার্নর বিল সল্টার, ইংগেলবার্গ আরএসএল ক্লাবের পরিচালক জেসন এলসুমর, স্থানীয় কাউন্সিলর মাসুদ চৌধুরী, জন্মাহমি টেলিভিশন এর চেয়ারমেন আবু আরেফিন ও প্রধান নির্বাহী রাহেলা আরেফিন এবং বিশিষ্ট ব্যবসায়ী টেলিঅস এর প্রধান নির্বাহী জাহাঙ্গীর আলম।



